**তারিখঃ**19/08/2015

# আরবিআই কর্তৃক 11 টি পেমেন্টস ব্যাঙ্ক-এর আবেদনের "নীতিনিষ্ঠ"(ইন-প্রিন্সিপল) অনুমোদন মঞ্জুর

নভেম্বর 27, 2014 -তে জারিকৃত গাইডলাইনস ফর লাইসেন্সিং অফ পেমেন্ট ব্যাঙ্কস(গাইডলাইনস)-এর অধীনে পেমেন্টস ব্যাঙ্ক স্থাপনা করার জন্য ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আজ নিম্নলিখিত 11 টি আবেদনের "নীতিনিষ্ঠ" অনুমোদন মঞ্জুর করার সিদ্ধান্ত নিল।

1. আদিত্য বিড়লা ন্যুভো লিমিটেড
2. এয়ারটেল এম কমার্স সার্ভিসেস লিমিটেড
3. চোলামন্ডলম ডিস্ট্রিবিউশন সার্ভিসেস লিমিটেড
4. ডিপার্টমেন্ট অফ পোস্টস
5. ফিনো পে টেক লিমিটেড
6. ন্যাশনাল সিকুরিটীজ ডিপোজিটরি লিমিটেড
7. রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড
8. শ্রী দিলীপ শান্তিলাল সাংভি
9. শ্রী বিজয় শেখর শর্মা
10. টেক মহিন্দ্রা লিমিটেড
11. ভোদাফোন এম-পেসা লিমিটেড

## নির্বাচন পদ্ধতি

আবেদন নির্বাচনের প্রক্রিয়া নিম্নে বর্ণিত হল :

প্রথমে, ডঃ নচিকেত মোর, নির্দেশক, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক-এর সেন্ট্রাল বোর্ড,-কে চেয়ারম্যান ঘোষণা করে তাঁর অধীনে গঠিত একটি বাহ্যিক উপদেষ্টা কমিটি(ইএসি) পুঙ্খানুপুঙ্খ পরীক্ষা (ডিটেলড স্ক্রুটিনি)-র দায়িত্ব গ্রহণ করেছে। ইএসি-র করা সুপারিশগুলি গভর্নর এবং চারজন ডেপুটি গভর্নর-কে নিয়ে গঠিত একটি আভ্যন্তরীণ বাছাই কমিটি(আইএসসি)-কে যোগান দেওয়া হয়েছে।আভ্যন্তরীণ বাছাই কমিটি স্বাধীনভাবে সমস্ত আবেদন পরীক্ষা করে সুপারিশের একটি চূড়ান্ত তালিকা সেন্ট্রাল বোর্ড-এর কমিটি-র(সিসিবি)জন্য প্রস্তুত করেছে। সিসিবি তার অগস্ট 19, 2015 তারিখে অনুষ্ঠিত বৈঠকে, ইএসি এবং আইএসসি কতৃক প্রদত্ত সুপারিশসমূহ সম্পর্কে অবগত হয়েছে, এবং আবেদনকারীগণের ঘোষিত তালিকার অনুমোদন প্রদান করেছে।

চূড়ান্ত তালিকা স্থির করতে, সিসিবি জানিয়েছে এই যে এই পর্বে পুর্বাভাষ করা কঠিন যে এই ক্রমবর্ধমাণ পেমেন্টস ব্যবসার ক্ষেত্রে কোনটি সফলতম সম্ভাব্য মডেল হতে চলেছে। সিসিবি আরও টিপ্পনি করেছে যে পেমেন্টস ব্যাঙ্ক ঋণপ্রদান করতে পারবে না সুতরাং তার বিশ্বাস যে পেমেন্টস ব্যাঙ্ক সম্পূর্ণ পরিষেবা প্রদানকারী ব্যাঙ্কের সমমাত্রা-র ঝুঁকি-র মুখে পড়বে না। সুতরাং, পেমেন্টস ব্যাঙ্কের এই সীমিত কার্যকলাপের মধ্যেও গ্রহণযোগ্য নয় এমন কোনও ঝুঁকি থাকবে কিনা সেটা নির্ণয়ের ভিত্তিতেই সিসিবি আবেদনকারীদের মূল্যায়ণ করেছে। তারা সেইসকল সংস্থা-কেই নির্বাচন করেছে যাদের বিভিন্ন ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা রয়েছে এবং তার সঙ্গে যোগ্যতাও বিবিধ যাতে বিভিন্ন মডেল যাচাই করে দেখা যায়। তারা এটা অবশ্যই নিশ্চিত করেছে যে আবেদনকারীগণের দেশজুড়ে এযাবৎ বহির্ভূত গ্রাহকগণকে পরিষেবা প্রদান করার পরিসর এবং প্রযুক্তিভিত্তিক ও আর্থিক সামর্থ রয়েছে। যাই হোক না কেন, নীতিনিষ্ঠ অনুমোদন-এর উপর, চালু মামলাসমূহের যে কোনওপ্রকার গতিসহ, নির্দেশিকা-র {(15 (ভি)} শর্ত প্রযোজ্য।

ভবিষ্যতে, রিজার্ভ ব্যাঙ্কের অভিপ্রায় এই লাইসেন্সপ্রদান চক্রে আহৃত শিক্ষা-কে নির্দেশিকাসমূহের সংশোধনের সময় যথাযথরূপে ব্যবহার করা এবং নিয়মিতভাবে লাইসেন্স দিয়ে চলা, কার্যতঃ ধারাবাহিক প্রক্রিয়াস্বরূপ("অন ট্যাপ")। রিজার্ভ ব্যাঙ্ক বিশ্বাস করে যে কিছু সংস্থা যারা এই চক্রে যোগ্যতাঅর্জন করতে পারল না, তারাও পরবর্তী চক্রগুলিতে সফল হ'তেই পারে।

**পটভূমি**

স্মরণ করা যেতে পারে যে অগস্ট 27, 2013, তারিখে রিজার্ভ ব্যাঙ্ক ভারতবর্ষে ব্যাঙ্কিং পরিকাঠামো-সামনের পথ-এর(ব্যাঙ্কিং স্ট্রাকচার অফ ইন্ডিয়া-দ্য ওয়ে ফরওয়ার্ড)উপর একটি নীতি আলোচনা পত্র ওয়েবসাইটে প্রকাশ করে। আলোচনা পত্রটির একটি পর্যবেক্ষণ ছিল এই যে নির্দিষ্ট পরিষেবাভিত্তিক ব্যাঙ্কিং-এর(নিশে ব্যাঙ্কিং)একটি চাহিদা তৈরী হয়েছে এবং পৃথকীকৃত লাইসেন্সিং ব্যবস্থা এই দিশায় একটি আকাঙ্খিত পদক্ষেপ হতেই পারে, বিশেষ করে পরিকাঠামো-ক্ষেত্রে আর্থিক সহায়তা প্রদান(ইনফ্রাস্ট্রাকচার ফিনান্সিং), পাইকারি ক্ষেত্রে ব্যাঙ্কিং এবং খুচরো ক্ষেত্রে ব্যাঙ্কিং-এর বিষয়ে।

পরবর্তী সময়ে, ক্ষুদ্র ব্যবসা এবং নিম্ন-আয় গৃহস্থের জন্য ব্যাপকভাবে আর্থিক পরিষেবাপ্রদান সম্পর্কিত কমিটি (কমিটি অন কমপ্রিহেনসিভ ফিনান্সিয়াল সার্ভিসেস ফর স্মল বিজনেসেস অ্যান্ড লো ইনকাম হাউজহোল্ডস, যেটির চেয়ারম্যান ডঃ নচিকেত মোর)তার জানুয়ারি **2014**-তে প্রকাশিত প্রতিবেদনে সর্বব্যাপী পেমেন্ট নেটওয়ার্ক এবং সর্বগ্রাহ্য সঞ্চয় ব্যবস্থা-র সঙ্গে সম্পর্কিত প্রাসঙ্গিক বিষয়গুলি বিচার করে এবং পেমেন্টস ব্যাঙ্কের লাইসেন্স প্রদানের সুপারিশ করে যাতে জনতার এযাবৎ বহির্ভূত অংশের কাছে আর্থিক পরিষেবা পৌঁছে দেওয়া যায়।

জুলাই 10, 2014 তে প্রকাশিত কেন্দ্রীয় বাজেট 2014-2015-তে, মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করেন যে:

"বর্তমান মূল-কাঠামোয় যথাযোগ্য পরিবর্তন এনে, চালু অর্থবর্ষে বেসরকারি ক্ষেত্রে সার্বজনিক ব্যাঙ্কের(ইউনিভার্সাল ব্যাঙ্ক) ধারাবাহিক অনুমোদন প্রদানের জন্য একটি কাঠামো প্রস্তুত করা হবে। ক্ষুদ্র ব্যাঙ্ক এবং অন্য পৃথকীকৃত(ডিফারেনশিয়েটেড)ব্যাঙ্কের লাইসেন্স প্রদান করার উদ্দেশ্যে আর বি আই একটি মূল-কাঠামো প্রস্তুত করবে। পৃথকীকৃত ব্যাঙ্কসমূহ যা নির্দিষ্ট স্বার্থ(নিশে ইন্টারেস্ট), লোকাল এরিয়া ব্যাঙ্কস, পেমেন্টস ব্যাঙ্ক ইত্যাদির পরিষেবায় ব্যপ্ত, তাদের কাছ থেকে আশা করা হচ্ছে যে তারা ক্ষুদ্র ব্যবসা, অসংগঠিত ক্ষেত্র, নিম্ন-আয় গৃহস্থ, কৃষক এবং পরিযায়ী শ্রমশক্তি-র ঋণ এবং অর্থপ্রেরণের প্রয়োজন মেটাবে।"

পেমেন্টস ব্যাঙ্কের লাইসেন্স প্রদান-এর খসড়া নির্দেশিকা জুলাই **17, 2014** তারিখে জনসাধারণের মন্তব্যের জন্য প্রকাশ করা হয়েছে। খসড়া নির্দেশিকার উপর গৃহিত মন্তব্য এবং প্রস্তাবের ভিত্তিতে, পেমেন্টস ব্যাঙ্কের লাইসেন্স প্রদান-এর চূড়ান্ত নির্দেশিকা নভেম্বর **17, 2014** তারিখে জারি করা হয়েছে। রিজার্ভ ব্যাঙ্ক জানুয়ারি **1, 2015** তারিখে নির্দেশিকার উপর করা জিজ্ঞাসাসমূহ(যা সংখ্যায় 144 টি)সম্পর্কে স্পষ্টীকরণ প্রকাশ করেছে। পেমেন্টস ব্যাঙ্ক-এর জন্য রিজার্ভ ব্যাঙ্ক 41 টি আবেদন গ্রহণ করেছে।

**"নীতিনিষ্ঠ" অনুমোদনের খুঁটিনাটি**

"নীতিনিষ্ঠ" অনুমোদনের মঞ্জুরি 18 মাসের জন্য বৈধ থাকবে, যে সময়কালে আবেদনকারীকে নির্দেশিকার অন্তর্গত শর্তাবলীকে প্রয়োজনমত মেনে চলতে হবে এবং রিজার্ভ ব্যাঙ্ক নির্ধারিত অন্যান্য শর্তাবলী পূরণ করতে হবে।

এসম্পর্কে নিশ্চিত হয়ে যে আবেদনকারীগণ তার দ্বারা নির্ধারিত প্রয়োজনীয় শর্তাবলী মেনে চলেছে, রিজার্ভ ব্যাঙ্ক ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট 1949-এর 22(1)-এর ধারা-র অধীনে ব্যাঙ্কিং ব্যবসা আরম্ভ করার লাইসেন্স প্রদান মঞ্জুরি বিবেচনা করবে। যতক্ষণ না পর্যন্ত নিয়মিত(রেগুলার) লাইসেন্স দেওয়া হচ্ছে, আবেদনকারী ব্যাঙ্কিং ব্যবসা করতে পারবে না।

**অতিরিক্ত খুঁটিনাটি**

নির্দেশিকায় দেওয়া রয়েছে যে আপাতদৃষ্ট(প্রাইমা ফেসি)যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক বাছাইয়ের পর, আবেদনগুলিকে এই উদ্দেশ্যে গঠিত একটি বাহ্যিক উপদেষ্টা কমিটির (ইএসি) বিবেচনার জন্য পাঠানো হবে। তদনুসারে, আবেদনগুলিকে বাছাই করতে, এবং কেবলমাত্র সেইসব আবেদনকারী যারা সঠিকভাবে নির্দেশিকা মেনে চলেছে তাদেরকে লাইসেন্স প্রদানের সুপারিশ করতে, রিজার্ভ ব্যাঙ্ক, ফেব্রুয়ারী 4, 2015 তারিখে ডঃ নচিকেত মোর, নির্দেশক, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক-এর সেন্ট্রাল বোর্ড-এর নেতৃত্বে(চেয়ারড) একটি ইএসি গঠন করেছে। ইএসি-তে তিনজন সদস্য ছিলেন: শ্রীমতী রুপা কুদভা, প্রাক্তন এম ডি এবং সি ই ও, ক্রিসিল লিমিটেড, শ্রীমতী শুভালক্ষ্মী পানসে, প্রাক্তন চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর, এলাহাবাদ ব্যাঙ্ক এবং ডঃ দীপক ফাটক, চেয়ার প্রফেসর, আই আই টি বম্বে। পরবর্তীকালে, শ্রীমতী রুপা কুদভা যেহেতু কমিটি থেকে নিজের নাম প্রত্যাহার(রিক্যুজ)করে নেন রিজার্ভ ব্যাঙ্ক, মে 2015-এ, শ্রী নরেশ টক্কর, ম্যানেজিং ডিরেক্টর এবং গ্রুপ সিইও, ইকরা লিমিটেড-কে কমিটি-তে নিয়োগ করে।

নির্দেশিকায় যেরূপ নির্দেশিত রয়েছে সেই অনুসারে, ইএসি আবেদন বাছাইয়ের লক্ষ্যে কার্যপ্রণালী নিজেই স্থির করে যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে - আরও তথ্য যখন যেমন দরকার বোধ হবে চেয়ে পাঠানো। আবেদনগুলিকে বাছাই-এর ভিত্তি আর্থিক দৃঢ়তা অর্থাৎ সংগঠক-এর(প্রোমোটার)এবং সংগঠক গোষ্ঠীর প্রধান সংস্থাসমূহের পাঁচ বছরের ট্রাক রেকর্ড। এব্যতীত, নির্ধারণ পদ্ধতির বিচার্য ছিল প্রশাসন পরিচালনার(গভর্নেন্স ইস্যুজ) বিষয়সমূহ যার কেন্দ্রবিন্দু সংগঠক-এর 'যোগ্য এবং যথাযথ'('ফিট অ্যান্ড প্রপার') হবার শর্তাবলী যার ভিত্তি- প্রয়োজনভিত্তিক প্রয়োগক্ষমতা সংক্রান্ত প্রতিবেদন(ডিউ ডিলিজেন্স রিপোর্ট) এবং/অথবা অন্য কোনও তথ্য যা আইন/বিধি-র বারংবার এবং ইচ্ছাকৃত লঙ্ঘণের দিকে নির্দেশ করে; তাৎপর্যপূর্ণরূপে ক্রমবর্ধনশীল অবদান সেইসব ক্ষেত্রে যেমন বিদ্যমাণ এবং প্রদর্শিত উপস্থিতিভিত্তিক গ্রামীন কার্যপরিসর( ফিজিকাল রুরাল রিচ), উদ্ভাবনী ব্যবসা মডেল, প্রযুক্তিগত এবং নিযুক্তিযোগ্য ক্ষমতা যা একটি মডেলকে নির্দেশ করে যেটি প্রয়োজনীয় অনুপাতের সঙ্গে সামঞ্জস্য রেখে লেনদেন এবং অর্থরাশি উচ্চমাত্রায় প্রদর্শিত সততা এবং সাবধানতার সাথে সামলাতে পারবে; এবং সেইসব ক্ষেত্রে ব্যবসায়িক পরিকল্পনার প্রস্তাব রাখে যেমন- প্রকল্প-মিশ্রণ(প্রোডাক্ট মিক্স), উদ্ভাবনী প্রযুক্তিনির্ভর সমাধান(ইনোভেটিভ টেকনোজিকাল সলিউশন), ভৌগলিক প্রবেশগম্যতা(জিওগ্রাফিক অ্যাকসেস)এবং মজবুত আর্থিক পরিকল্পনা। আবেদনকারীদের কার্যক্রমের বিকেন্দ্রীকরণের পরিসর এবং বিপুল মাত্রায় ছোট অঙ্কের লেনদেন পরিচালনার ক্ষমতা নির্ণয়ে সহায়তা করার উদ্দেশ্যে আবেদনকারীদের কাছ থেকে অতিরিক্ত ডেটা চেয়ে পাঠানো হয়েছে এবং সিদ্ধান্তে উপনীত হওয়ার লক্ষ্যে ইএসি-র বিবেচনায় আনা হয়েছে। ইএসি তার প্রতিবেদন জুলাই 06, 2015 তারিখে জমা করেছে।

**অলপনা কিল্লাওয়ালা**

প্রধান মূখ্য মহাপ্রবন্ধক

**প্রেস রিলিজঃ 2015-2016/437**